২৪০

ভোরের কাগজ

তারিখ ... AUG ... 1999 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ২ ...

## সবার জন্য শিক্ষা

২০০৮ সালের মধ্যে সবার জন্য শিক্ষা কার্যক্রম নিশ্চিত করার অভিপ্রায়ে সরকার বিভিন্নভাবে নিরলস কাজ করে যাচ্ছে। তাদের বাস্তবমুখী পদক্ষেপ জনসমাজে নন্দিত হয়েছে; কিন্তু সিলেট বিভাগসহ দেশের বিভিন্ন চা বাগানগুলোর শ্রমিকদের সন্তানরা বিভিন্ন কারণে প্রাথমিক বিদ্যালয়ে গমন করছে না।

চা বাগানগুলোর অভ্যন্তরে পর্যাপ্ত পরিমাণ প্রাথমিক বিদ্যালয় না থাকা, গণসচেতনতার অভাব, চা বাগান কর্তৃপক্ষের উদাসীনতার জন্যই চা বাগান পল্লীর এক বিরাট পরিমাণ শিশু প্রাথমিক বিদ্যালয়ে গমন করছে না, এরা তো বাইরের জগতের কোনো বাসিন্দা নয়, বাংলাদেশেরই নাগরিক। সুতরাং চা শ্রমিকদের সন্তানদের বিদ্যালয়ে গমনের পথ প্রশস্ত করতে গণতান্ত্রিক সরকার নজর দেবে কি?

শাহ মনসুর আলী নোমান
(ধীঘলবাক)
এমসি কলেজ, সিলেট।